গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
সংসদ ও সমন্বয় শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mos.gov.bd

**বিষয়: ০২-০৬-২০২১ তারিখে অনুষ্ঠিত এপ্রিল, ২০২১ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী<br>সচিব, নৌপরিবহন মন্ত্রণালয় |
| তারিখ | : | ০২-০৬-২০২১ খ্রি: |
| সময় | : | সকাল ১০.০০ ঘটিকা |
| স্থান | : | নৌপরিবহন মন্ত্রণালয়ের সভা কক্ষ (কক্ষ নং-৮০৮, ভবন নং-৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) |

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকাঃ পরিশিষ্ট-কঃ সভায় উপস্থিত কর্মকর্তাগণ।
পরিশিষ্ট-খঃ সভায় ভার্চুয়াল প্লাটফর্মে সংযুক্ত কর্মকর্তাগণ।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত করে সভার কাজ শুরু করেন। পরবর্তীতে সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (প্রশাসন) আলোচ্যসূচী অনুযায়ী কার্যপত্র সভায় উপস্থাপন করেন। সংস্থাসমূহের প্রধান, প্রতিনিধি, মন্ত্রণালয়ের কর্মকর্তাবৃন্দ এবং ভার্চুয়াল প্লাটফর্মে সংযুক্ত কর্মকর্তাগণ আলোচনায় অংশগ্রহণ করেন। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সর্বসম্মত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্র:নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১. | বিগত সভার কার্যবিবরণী অনুমোদন | ১. বিগত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হয়। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী নেই মর্মে সদস্যগণ মতামত ব্যক্ত করেন। | ১. গত ০৬-০৪-২০২১ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়। | ১. যুগ্মসচিব, প্রশাসন |
| ২. | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী যথোপযুক্ত মর্যাদায় উদযাপনের লক্ষ্যে সম্ভাব্য কর্মসূচি | ১. সেমিনার আয়োজনঃ<br>**সভায় অতিরিক্ত সচিব (সংস্থা-২) জানান যে,** "বঙ্গবন্ধুঃ শাশ্বত বাংলার প্রতিরূপ" শিরোনামে ৩য় সেমিনারটি আগামী জুলাই/আগস্ট, ২০২১ এ আয়োজন করা হবে। উক্ত সেমিনার আয়োজনে গঠিত কমিটি কর্তৃক একটি চেকলিস্ট প্রস্তুত করে সে আলোকে কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। কমিটি কর্তৃক ইতোমধ্যে একটি সভা করা হয়েছে। সেমিনারের তারিখ | ১. **"বঙ্গবন্ধুঃ শাশ্বত বাংলার প্রতিরূপ"** শীর্ষক সেমিনারটি জুলাই/ আগস্ট ২০২১ মাসে ঢাকা থেকে চাঁদপুরপর্যন্ত নৌপথে আয়োজন করতে হবে।<br>২. বিআইডব্লিউটিএ ও বিআইডব্লিউটিসি সেমিনার আয়োজনের সার্বিক সহযোগিতা প্রদান করবে।<br>৩. প্রধান অতিথিসহ অন্যান্য অতিথি তালিকা প্রণয়ন করতে হবে। | ১. অতিরিক্ত সচিব (সংস্থা-২)<br>২. চেয়ারম্যান, বিআইডব্লিউটিসি<br>৩. চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ |

| | | | | |
|---|---|---|---|---|
| | | চূড়ান্তকরণের পূর্বেই key note পেপার উপস্থাপনের বিষয়টি চূড়ান্ত করা হবে। সভাপতি জানান, জন্মশতবার্ষিকী উপলক্ষে এ সেমিনারটি মন্ত্রণালয়ের সর্বশেষ কর্মসূচী, তাই এটিকে পরিপূর্ণ আনুষ্ঠানিকতার সাথে আয়োজন করতে হবে। বিআইডব্লিউটিএ'র জাহাজ পরিদর্শীতে সেমিনারটি আয়োজন করা সম্ভব হবে। শীঘ্রই সেমিনারের প্রধান অতিথি নির্বাচনসহ অতিথি তালিকা প্রস্তুত করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | | |
| | | ২। <u>ডকুমেন্টারি:</u><br>সভায় জানানো হয় যে বিআইডব্লিউটিএ কর্তৃক প্রস্তুতকৃত খসড়া ডকুমেন্টারি যাচাইপূর্বক প্রতিবেদন প্রদানের জন্য গত ২৫/০১/২০২১ তারিখে অতিরিক্ত সচিব (বন্দর) কে আহবায়ক করে গঠিত কমিটির কার্যক্রম চলমান আছে। সভাপতি জানান যে বিআইডব্লিউটিএ হতে প্রস্তুতকৃত ডকুমেন্টারিটি "বঙ্গবন্ধুঃ শাশ্বত বাংলার প্রতিরূপ" শিরোনামে ৩য় সেমিনারে উপস্থাপন করা হবে। স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উদযাপন উপলক্ষ্যে আয়োজিত সেমিনারের জন্য নৌপরিবহন মন্ত্রণালয়ের সকল দপ্তর/সংস্থার হালনাগাদ কার্যক্রম ও অর্জনের তথ্যাদি সংযুক্ত করে একটি পূর্ণাঙ্গ ডকুমেন্টারি প্রস্তুত করতে হবে। | ২। বিআইডব্লিউটিএ কর্তৃক প্রস্তুতকৃত খসড়া ডকুমেন্টারি যাচাইপূর্বক চূড়ান্ত করতে হবে। ডকুমেন্টারিটি "বঙ্গবন্ধুঃ শাশ্বত বাংলার প্রতিরূপ" শিরোনামে ৩য় সেমিনারে উপস্থাপন করা হবে। | অতিরিক্ত সচিব (বন্দর), নৌপরিবহন মন্ত্রণালয় এবং বিআইডব্লিউটিএ |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ৩. মেরিন একাডেমির শিক্ষা কার্যক্রম চালু:<br>সভায় জানানো হয় যে নতুন ৪টি মেরিন একাডেমি (বরিশাল, রংপুর, পাবনা ও সিলেট) গত ০৬/০৫/২০২১ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক উদ্বোধন করা হয়েছে।<br>৪টি মেরিন একাডেমির ২৮৪ টি পদ সৃজনের কার্যক্রম চূড়ান্ত পর্যায়ে রয়েছে। সকল আনুষ্ঠানিকতা শেষে যতদ্রুত সম্ভব জিও জারী করা হবে এবং নিয়োগ কার্যক্রম শুরু করা হবে।<br>সভায় আরো জানানো হয়, ৪টি মেরিন একাডেমির জন্য সংযুক্তিতে দপ্তর সংস্থায় জনবল চাওয়া হলে বাংলাদেশ মেরিন একাডেমি হতে ১০জন (পদায়ন করা হয়েছে), বাংলাদেশ শিপিং কর্পোরেশন হতে ১জন এবং বিআইডব্লিউটিএ হতে ১জন কে সংযুক্তিতে প্রদান করা হয়েছে। অন্য দপ্তর/সংস্থা থেকে এখনো সংযুক্তি দেয়া হয়নি। সভাপতি বলেন যে মাননীয় প্রধানমন্ত্রীর অগ্রাধিকারভিত্তিক কার্যক্রমে সকলকে যথাসম্ভব সহযোগিতা করতে হবে। দপ্তর/সংস্থার জনবলের ঘাটতি রয়েছে তবে মেরিন একাডেমির কার্যক্রম চালু করাও একটি গুরুত্বপূর্ণ বিষয়। দপ্তর/সংস্থা হতে চাহিত জনবল স্বল্প সময়ের জন্য সংযুক্তিতে কাজ করবে। আশা করা যায় যে ৬মাস বা তারও কম সময়ের মধ্যে নিয়োগ কার্যক্রম সমাপ্ত করে স্ব স্ব দপ্তরের জনবল ফেরত প্রদান করা | ১. জনবল অনুমোদনের কার্যক্রম ত্বরান্বিত করতে হবে।<br>২. দপ্তর ও সংস্থা হতে চাহিত জনবল ৬মাসের জন্য অবিলম্বে সংযুক্তি প্রদান করতে হবে।<br>৩. মহাব্যবস্থাপক, বিএসসি ও ৪টি মেরিন একাডেমির কর্মকর্তাগণ সমন্বয় করবেন। | ১. সকল সংস্থা প্রধান<br>২. নৌশিক্ষা ও প্রশিক্ষণ অধিশাখা<br>৩. কমান্ডেন্ট, বরিশাল, রংপুর, পাবনা ও সিলেট মেরিন একডেমি |

| | | | | |
|---|---|---|---|---|
| | | হবে। মহাব্যবস্থাপক, বিএসসি জানান যে বিএসসির ফিল্ড অফিসে কর্মরতদের মধ্য হতে কাছাকাছি অবস্থিত মেরিন একাডেমিতে কর্মকর্তাগণ সাময়িক সময়ের জন্য কাজ করতে পারেন। এ বিষয়ে সভাপতি ৪টি মেরিন একাডেমির কমান্ড্যান্টগণকে মহাব্যবস্থাপক, বিএসসির সাথে সমন্বয় করার বিষয়ে আলোকপাত করেন। সভায় আরো জানানো হয় যে, ৪টি মেরিন একাডেমির কার্যক্রম দ্রুত পরিচালনার লক্ষ্যে যে সকল দপ্তর ও সংস্থা থেকে এখনো সংযুক্তিতে জনবল পদায়ন করা হয়নি সে সকল সংস্থা হতে জরুরিভিত্তিতে জনবল পদায়নের জন্য তিনি সংস্থা প্রধানগণকে অনুরোধ করেন। | | |
| ৩. | **মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি** | সভায় যুগ্মসচিব (পরিকল্পনা) জানান, মাননীয় প্রধানমন্ত্রী প্রদত্ত প্রতিশ্রুতি ও নির্দেশনাগুলোর বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন হালনাগাদ করা হয়েছে। দপ্তর ও সংস্থা হতে সর্বশেষ অগ্রগতি সংগ্রহ করে শীঘ্রই পুনরায় হালনাদাগ করা হবে। তিনি প্রতিটি প্রতিশ্রুতি ও নির্দেশনার বাস্তবায়নের অগ্রগতি সভা তুলে ধরেন। তিনি বলেন, প্রতিশ্রুতি ও নির্দেশনাগুলোর মধ্যে দুই/একটি বাস্তবায়নে কিছু সমস্যা দেখা দিয়েছে, তা নিরসনে কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। সভাপতি বলেন, যদি কোন নির্দেশনা/প্রতিশ্রুতি বাস্তবায়নযোগ্য না হয় তবে উপযুক্ত যৌক্তিকতাসহ প্রধানমন্ত্রীর কার্যালয়কে অবহিত করতে হবে। সভাপতি আরো জানান যে মাননীয় | ১. দপ্তর ও সংস্থা হতে হালনাগাদ তথ্য সংগ্রহ করে সংক্ষিপ্তসারে ও পরিসংখ্যান ভিত্তিক হালনাগাদ প্রতিবেদন প্রস্তুত করতে হবে।<br>২. যে সকল সিদ্ধান্ত বাস্তবায়ন সম্ভব নয় সেগুলোর বিষয়ে উপযুক্ত যৌক্তিকতাসহ প্রধানমন্ত্রীর কার্যালয়কে অবহিত করতে হবে।<br>৩. দপ্তর ও সংস্থার প্রধানগণ কর্তৃক সরাসরি বিষয়টি মনিটরিং করতে হবে। | ১.সকল দপ্তর ও সংস্থা<br>২.যুগ্মসচিব (পরিকল্পনা) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | প্রধানমন্ত্রী প্রদত্ত প্রতিশ্রুতি ও নির্দেশনাগুলোর বাস্তবায়ন অগ্রগতির হালনাগাদ প্রতিবেদন দপ্তর ও সংস্থাসমূহের সাথে সমন্বয় করে প্রস্তুত করতে হবে। | | |
| ৪. | **মন্ত্রিসভা বৈঠকের সিদ্ধান্ত বাস্তবায়ন** | সভায় জানানো হয় যে, মন্ত্রিসভা বৈঠকে গৃহীত নৌপরিবহন মন্ত্রণালয়ের সাথে সম্পর্কিত ১১টি সিদ্ধান্ত আছে। উক্ত সিদ্ধান্তের মধ্যে অধিকাংশই মন্ত্রণালয়ের আইন সংক্রান্ত। যেগুলোর বিষয়ে কার্যক্রম চলমান আছে। সভাপতি জানান যে, মন্ত্রিসভার সিদ্ধান্ত বাস্তবায়ন বিষয়ক অগ্রগতি প্রতিবেদন হালনাগাদ তথ্যাদিসহ যথাসময়ে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। | মন্ত্রিসভার সিদ্ধান্ত বাস্তবায়ন বিষয়ক অগ্রগতি প্রতিবেদন হালনাগাদ তথ্যাদিসহ যথাসময়ে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। | ১. অতিরিক্ত সচিব (প্রশাসন)<br>২. সকল দপ্তর ও সংস্থা প্রধান |
| ৫. | **জেলা প্রশাসক সম্মেলন, ২০১৯ এর সিদ্ধান্ত বাস্তবায়ন** | সভায় যুগ্মসচিব (পরিকল্পনা) জানান যে, জেলা প্রশাসক সম্মেলন ২০১৯ এ নৌপরিবহন মন্ত্রণালয় সম্পর্কিত মোট ৯টি সিদ্ধান্তের মধ্যে ৪টি বাস্তবায়িত হয়েছে। ২টি সিদ্ধান্ত অন্য মন্ত্রণালয়/বিভাগের সাথে শর্তেসাপেক্ষে সম্পৃক্ত বিধায় উক্ত মন্ত্রণালয়/বিভাগকে কার্যক্রম গ্রহণের জন্য পত্র প্রেরণ করা হয়েছে। এ বিষয়ে অগ্রগতি প্রতিবেদন নিয়মিত সংসদ ও সমন্বয় শাখা থেকে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হচ্ছে। | ১। জেলা প্রশাসক সম্মেলন এর সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়নপূর্বক হালনাগাদ বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করতে হবে।<br>২। জেলা প্রশাসক সম্মেলন এর সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি সর্বশেষ হালনাগাদ তথ্য প্রেরণ সকল দপ্তর/সংস্থা ও সংশ্লিষ্ট শাখা অধিশাখার কর্মকর্তাগণ কর্তৃক নিশ্চিত করতে হবে।<br>৩। অন্য মন্ত্রণালয়ের প্রেরিত পত্রের অগ্রগতি জানতে চেয়ে পত্র দিতে হবে। | ১. সকল দপ্তর ও সংস্থা প্রধান<br>২. মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট অধিশাখা/শাখা। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৬. | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি | সভায় এপিএ টিম লিডার অতিরিক্ত সচিব (সংস্থা-২) জানান যে, মন্ত্রণালয়ের বর্তমান বছরের এপিএ বাস্তবায়ন অগ্রগতি কার্যক্রম যথাযথভাবে চলমান আছে। এপিএ অগ্রগতি বিষয়ে সভা করা হচ্ছে। দপ্তর ও সংস্থায় এপিএ টিমের সাথে সমন্বয় করা হচ্ছে। প্রমানকসমূহ যথাযথভাবে সংগ্রহপূর্বক মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হচ্ছে। সভাপতি জানান যে, দপ্তর/সংস্থার এপিএ টিম কর্তৃক যে সভা করা হয় তার কার্যবিবরণী মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। দপ্তর ও সংস্থার এপিএ টিম কর্তৃক সময়াবদ্ধ বাস্তবায়ন অগ্রগতি যথাযথভাবে নিশ্চিত করতে হবে মর্মে সভায় আলোচনা হয়। এপিএ বাস্তবায়নের ক্ষেত্রে কোন সমস্য সৃষ্টি হলে এ বিষয়ে যথাযথ পদক্ষেপ গ্রহণ করে সমস্যা নিরসন করতে হবে। কোন অবস্থাতে এপিএ টার্গেট অবাস্তবায়িত/পেন্ডিং রাখা যাবে না মর্মে সভায় আলোচনা হয়। সভায় জানানো হয় যে, মোংলা বন্দরের সারফেস ওয়াটার ট্রিটম্যান্ট প্ল্যান্ট প্রকল্প ও নৌপরিবহন অধিদপ্তরের জিএমডিএসএস প্রকল্পের লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে জটিলতা দেখা দিয়েছে। তবে সংস্থা প্রধানগণ জানিয়েছেন যে প্রকল্প দুইটির লক্ষ্য মাত্রা অর্জন সম্ভব হবে। | ১. APA এর সুনির্দিষ্ট লক্ষ্যমাত্রা বাস্তবায়ন করতে হবে।<br>২. APA এর অর্জন সুনির্দ্দিষ্ট প্রমানকসহ প্রেরণ করতে হবে।<br>৩. যে সকল লক্ষ্যমাত্রা অর্জনে প্রতিবন্ধকতা রয়েছে দপ্তর ও সংস্থা প্রধানগণ সেগুলো সরাসরি তত্ত্বাবধানের মাধ্যমে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | ১. অতিরিক্ত সচিব (সংস্থা-২)<br>২. সকল দপ্তর/ সংস্থা প্রধান<br>৩. এপিএ টিম, সকল সংস্থা |
| ৭. | ই-নথি ব্যবস্থাপনা | সভায় জানানো হয় যে, সিস্টেম আপডেট করার কারণে ফেব্রুয়ারি মাসের ই-ফাইলিং কার্যক্রমের প্রতিবেদন সভায় | ১. সকল দপ্তর, সংস্থা, মন্ত্রণালয়ের সকল শাখার ই-ফাইলিং কার্যক্রম জোরদার করতে হবে। | ১. সকল দপ্তর/সংস্থা প্রধান<br>২. যুগ্মসচিব, প্রশাসন |

| | | | | |
|---|---|---|---|---|
| | | উপস্থাপন করা সম্ভব হয়নি। সভাপতি বলেন, দপ্তর ও সংস্থার ই-ফাইলিং কার্যক্রম সংক্রান্ত যে কোন সমস্যা সিস্টেম এনালিস্টের মাধ্যমে a2i এর সাথে সমন্বয় করে নিষ্পত্তি করতে হবে। সভাপতি সিস্টেম এ্যানালিস্টকে সমস্যাটি সমাধানের বিষয়ে এ-টু-আই এর সাথে সমন্বয় করার জন্য সভায় নির্দেশনা প্রদান করেন। | ২. অনুমোদিত নথির পত্র ই-নথিতেই জারি করতে হবে।<br>৩. ই-ফাইলিং সংক্রান্ত সমস্যা সিস্টেম অ্যানালিস্ট এ-টু-আই এর সাথে সমন্বয় করে সমাধান করবেন। | ৩. সিস্টেম এ্যানালিস্ট, নৌপম |
| ৮. | **ইনোভেশন কর্মপরিকল্পনা বাস্তবায়ন** | সভায় জানানো হয় যে, মন্ত্রণালয়সহ সকল সংস্থার ইনোভেশন কর্মপরিকল্পনা বাস্তবায়ন কাজ চলছে। বার্ষিক ইনোভেশন কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রতি ৩ মাস অন্তর মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখায় প্রেরণের বিষয়ে আলোচনা হয়। | ১. ইনোভেশন কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে ।<br>২. উদ্ভাবন কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা নির্ধারিত সময়ের বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | ১. অতিরিক্ত সচিব, সংস্থা-২<br>১. সকল দপ্তর/সংস্থা প্রধান |
| ৯. | তথ্য-বাতায়নসমূহ হালনাগাদকরণ | সভায় জানানো হয়, তথ্য-বাতায়নসমূহ নিয়মিতভাবে হালনাগাদকরণ করা হচ্ছে। মন্ত্রণালয়ের সিস্টেম এ্যানালিস্ট অবহিত করেন যে, মন্ত্রণালয়ের ওয়েবসাইট হালনাগাদ রয়েছে। সভাপতি জানান যে এখনো অনেক দপ্তর/সংস্থার ওয়েব সাইট হালনাগাদ করা হয়নি সেক্ষেত্রে সংস্থা প্রধানগন স্বস্ব দপ্তর সংস্থার তথ্য বাতায়নসমূহ হালনাগাদকরণের বিষয়ে দ্রুত কার্যক্রম গ্রহণ করবে। | ১. ওয়েবসাইটে পরিবর্তিত বিষয়সমূহ অন্তর্ভূক্ত করে হালনাগাদ রাখতে হবে।<br>২. যে সকল দপ্তর ও সংস্থার তথ্য বাতায়নসমূহ হালনাগাদ করা হয়নি সেগুলো আগামী ৩ দিনের মধ্যে হালনাগাদ করতে হবে। | ১. দপ্তর/সংস্থা প্রধান<br>২. সিস্টেম এ্যানালিস্ট, নৌপম<br>৩. সংশ্লিষ্ট শাখা/অধিশাখা |
| ১০. | অডিট আপত্তি নিষ্পত্তিকরণ | সভায় জানানো হয়, দপ্তর ও সংস্থাসমূহের ৩৫৯টি সাধারণ, ৬৭১টি অগ্রিম এবং ১৩৫টি খসড়া অডিট আপত্তিসহ মোট ১১৬৭টি অনিষ্পন্ন অডিট আপত্তি রয়েছে, সংশ্লিষ্ট টাকার পরিমান ৫৪৮৭.৬৩ কোটি। সভাপতি বলেন, দ্বিপক্ষীয়, ত্রিপক্ষীয় সভা করে অডিট আপত্তি নিষ্পত্তি করতে হবে। অতিরিক্ত সচিব (সংস্থা-২) জানান যে, নিয়মিত দ্বিপক্ষীয়, ত্রিপক্ষীয় সভার আয়োজন করা হচ্ছে। | ১. দপ্তর ও সংস্থার অডিট আপত্তিগুলোর শ্রেণী বিন্যাস করে দ্রুত নিষ্পত্তি করতে হবে।<br>২. মন্ত্রণালয়ের আইন ও অডিট শাখা সংশ্লিষ্ট দপ্তর ও সংস্থার সাথে দ্বিপাক্ষিক/ত্রিপাক্ষিক সভা করে অনিষ্পন্ন অডিট আপত্তি নিষ্পত্তির কার্যকর পদক্ষেপ গ্রহণ করবেন। | ১. অতিরিক্ত সচিব, (সংস্থা-২)<br>২. সকল দপ্তর/সংস্থা প্রধান |

| | | | | |
|---|---|---|---|---|
| ১১. | দেওয়ানি মামলা সংক্রান্ত তথ্য | সভায় জানানো হয়, দপ্তর/সংস্থাসমূহের মোট মামলার সংখ্যা ৪১৫ টি। এর মধ্যে ৩৮০ টির জবাব দাখিল করা হয়েছে। ৩৩টির জবাব দাখিলের অপেক্ষায় রয়েছে। সরকারের পক্ষে কোন মামলা নিষ্পত্তি হয়নি। বিআইডব্লিউটিএর ১টি মামলার বিপক্ষে রায় হয়েছে। রায়ের বিপক্ষে আপিলের কার্যক্রম চলমান আছে। সভাপতি জানান যে স্পর্শকাতর মামলাগুলোর বিষয়ে দপ্তর ও সংস্থা প্রধানগণ প্রতি মাসে আইন কর্মকর্তাকে নিয়ে পর্যালোচনা সভা করতে হবে। এছাড়া, মামলার বিষয়ে যথাসময়ে আইনজীবী নিয়োগ ও দফাওয়ারি জবাব দাখিল করার বিষয় আলোচনা করা হয়। | ১. যথাসময়ে আইনজীবী নিয়োগ ও দফাওয়ারি জবাব দাখিল নিশ্চিত করতে হবে।<br>২. নিয়মিত মাসিক প্রতিবেদন প্রেরণ করতে হবে।<br>৩. স্পর্শকাতর মামলাগুলোর বিষয়ে দপ্তর ও সংস্থা প্রধানগণ প্রতি মাসে আইন কর্মকর্তাকে নিয়ে পর্যালোচনা সভা করতে হবে।<br>৪. সরকারের বিপক্ষে রায় হওয়া মামলাগুলোর যথাসময়ে আপিল করতে হবে। | ১. সকল দপ্তর/সংস্থা প্রধান<br>২. মন্ত্রণালয়ের আইন ও অডিট অধিশাখা। |
| ১২. | তথ্য অধিকার আইন (আরটিআ) | সভাপতি জানান যে, তথ্য অধিকার আইন অনুযায়ী তথ্য প্রাপ্তির বিষয়টি নিশ্চিত করতে হবে। কোন বিষয়ে তথ্য প্রদান করা সম্ভব না হলে তার উপযুক্ত ব্যখ্যা উল্লেখ করতে হবে। তথ্য প্রদানে কোন জটিলতা থাকলে সে বিষয়টিও আলোচনা করে নিষ্পত্তি করতে হবে। | ১. প্রদানযোগ্য তথ্য যথাসময়ে সরবরাহ নিশ্চিত করতে হবে।<br>২. কোন বিষয়ে তথ্য প্রদান করা সম্ভব না হলে তার ব্যখ্যা উল্লেখ করতে হবে।<br>৩. প্রতিমাসে তথ্য প্রাপ্তির আবেদন ও তথ্য প্রদানের বিবরণ প্রস্তুত করতে হবে। | ১. সকল দপ্তর/সংস্থা প্রধান<br>২. মন্ত্রণালয়ের ফোকাল পয়েন্ট কর্মকর্তা। |
| ১৩. | বিবিধঃ<br>১৩.১ মন্ত্রণালয়ের কক্ষসমূহের সংস্কার কার্যক্রম | ১৩.১ সভায় জানানো হয় যে, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের কার্যাদেশ প্রাপ্ত ঠিকাদার কর্তৃক নৌপরিবহন মন্ত্রণালয়ের সংস্কার কাজ চলমান রয়েছে। যে কাজের টেন্ডার হয়েছে তা বাস্তবায়নকালে জরুরী বিবেচনায় নতুন কিছু কাজের একটি তালিকা গত ১৩-০৪-২০২১ তারিখে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষকে প্রেরণ করা হয়েছে। | ১. "Remodeling and Interior Decoretion of MoS Rooms" শীর্ষক কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।<br>২. মন্ত্রণালয়ের সভাকক্ষের অভ্যন্তরীণ সজ্জা, ভিডিও ও সাউন্ড সিস্টেমসহ প্রেরিত তালিকার কাজ দ্রুত বাস্তবায়ন করতে হবে। | ১. নৌপরিবহন মন্ত্রণালয়<br>২. চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ। |
| | ১৩.২ ক্যাডার সার্ভিসের নামপদবি ব্যবহার সংক্রান্ত | ১৩.২ সভায় জানানো হয়, দপ্তর ও সংস্থায় সচিব, অতিরিক্ত সচিব, যুগ্মসচিব, উপসচিব, সহকারী সচিবসহ ক্যাডার সার্ভিসের পদবী রয়েছে সেগুলো পরিবর্তন বিষয়ে গত ০৬-০৪-২০২১ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরনী প্রেরণ করা হয়েছে এবং | ১. দপ্তর ও সংস্থায় ক্যাডার সার্ভিসের ন্যায় বিদ্যমান পদনাম পরিবর্তনের বিষয়ে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত দ্রুত বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ১. সকল দপ্তর/ সংস্থা প্রধান<br>২. মন্ত্রণালয়ের প্রশাসন শাখা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | সিদ্ধান্তের আলোকে দপ্তর/সংস্থার আইন/নিয়োগবিধি/সাংগঠনিক কাঠামো ইত্যাদি প্রযোজ্যক্ষেত্রে সংশোধনের পূর্ণাঙ্গ প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | | |

০২. পরিশেষে সভাপতি বলেন, সংস্থার সকল কার্যক্রম যাতে যথাসময়ে মানসম্মতভাবে বাস্তবায়ন করা যায় সে বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে এবং সকল সংস্থার মধ্যে সমন্বয় জোরদার করতে হবে। তিনি বলেন, জনসেবা নিশ্চিত করতে তথা মন্ত্রণালয়/সংস্থার ভাবমূর্তি উন্নয়নে সকলকে আন্তরিকতা ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালন করতে হবে।

০৩. অতপর সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত
তারিখ: ০৭/০৬/২০২১
(মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী)
সচিব
নৌপরিবহন মন্ত্রণালয়

স্মারক নম্বর: ১৮.০০.০০০০.০৩৬.০৬.০১৬.১৯ (অংশ-১)- ১০০

তারিখ ২৪ জ্যৈষ্ঠ ১৪২৮ ব: / ০৭ জুন ২০২১ খ্রি:

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

১। চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ/বিআইডব্লিউটিসি/জাতীয় নদী রক্ষা কমিশন/চবক/মোবক /বাস্থবক/পাবক।
২। মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, মতিঝিল বা/এ, ঢাকা।
৩। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, সল্টগোলা রোড, চট্টগ্রাম।
৪। যুগ্মসচিব (সকল), নৌপরিবহন মন্ত্রণালয়।
৫। কমান্ড্যান্ট, মেরিন একাডেমি, জুলদিয়া, আনোয়ারা, চট্টগ্রাম।
৬। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়।
৭। উপসচিব (সকল), নৌপরিবহন মন্ত্রণালয়।
৮। পরিচালক, নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর, আগ্রাবাদ, চট্টগ্রাম।
৯। অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট, দক্ষিণ হালিশহর, বন্দর, চট্টগ্রাম-৪১০০।
১০। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়।
১১। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), নৌপরিবহন মন্ত্রণালয়।
১২। হিসাব রক্ষণ কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়।
১৩। অতিরিক্ত সচিব (প্রশাসন/বন্দর/উন্নয়ন/সংস্থা-১/সংস্থা-২) এর ব্যক্তিগত কর্মকর্তা,নৌপরিবহন মন্ত্রণালয়।
১৪। যুগ্মসচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়।
১৫। প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

৭.৬.২১
মোঃ আলাউদ্দিন
সহকারী সচিব
সংসদ ও সমন্বয়